গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www. mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৬.২৪-৩৭(১)

তারিখ: ১৯ মাঘ ১৪৩২
০২ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব কাজী মাহফুজুল করিম, উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ-এর বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উত্থাপিত হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ২০/১১/২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কমিটি নিয়োগ করা হয়। তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করে এবং মতামত প্রদান করে যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগটির সত্যতা আছে মর্মে প্রতীয়মান হয়;

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের প্রস্তাব করে ১২/১১/২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৬.২৪-৩০৪ নং স্মারকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭(৯) মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করতে বিনীত আবেদন জানান;

০৫। সেহেতু, জনাব কাজী মাজফুজুল করিম, উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ বর্তমানে সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, নেত্রকোনা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানি, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানোর জবাব এবং নথিপত্র পর্যালোচনা করা হয়। অভিযুক্তের বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক আনীত **'অসদাচরণ' এর** অভিযোগের সত্যতা পাওয়া গেছে। তিনি বর্তমানে শারীরিককভাবে অসুস্থ্য। তার অসুস্থতার বিষয়টি বিবেচনা করে তাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৪(২)(খ) অনুযায়ী **'অসদাচরণের'** অপরাধে ২ বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০২/০২/২৬
(জনাব মো: সাহিদুর রহমান)
সচিব

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা থেকে চলমান

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৬.২৪-৬৭(১)

তারিখ: ১৭ মাঘ ১৪৩২ / ০২ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)
০৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০৫। উপসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। পরিচালক, পরিবার পরিকল্পনা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
০৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)
০৮। উপপরিচালক (পার-২),পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা ;
০৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ)
১০। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ
১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ
১২। জনাব কাজী মাজফুজুল করিম, উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ময়মনসিংহ বর্তমানে সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, নেত্রকোনা

০২/০২/২৬

(সাইনী আজিজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email: disc1@mefwd.gov.bd